গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dgnm.gov.bd

রেজিঃ/এডিঃ

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.২১০.২০২০ 226

তারিখ- ১৩/১/১৪২৮ বঙ্গাব্দ
26/8/২০২১ খ্রিষ্টাব্দ

## ২য় কারণ দর্শানোর নোটিশ

যেহেতু, আপনি জনাব মোঃ গোলাম মোস্তফা, গাড়ী চালক কে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ১০/১২/২০১৯ইং তারিখের ৫১০ সংখ্যক স্মারকে কলেজ অব নার্সিং মহাখালী, ঢাকা হতে নার্সিং ইনস্টিটিউট, কক্সবাজার এ বদলী করা হয় এবং আপনি বদলীকৃত কর্মস্থলে যোগদান করেননি;

২। যেহেতু, উল্লেখিত কারনে আপনাকে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ০৯/০২/২০২০ইং তারিখের ৬৪ সংখ্যক স্মারকে কৈফিয়ত তলব করা হয় এবং যেহেতু আপনি উক্ত কৈফিয়ত তলবের জবাব প্রদান করেননি;

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ১০/০৬/২০২০ ইং তারিখের ২৩ সংখ্যক স্মারকে বিভাগীয় মামলা রুজু করা হয়;

৪। যেহেতু, আপনি অভিযোগনামার প্রেক্ষিতে জবাব দাখিল করেন এবং এ অধিদপ্তরের ০৯/০৭/২০২০ইং তারিখের ৬০ সংখ্যক স্মারকে প্রথম তদন্ত কমিটি গঠন করা হয়;

৫। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলককৃত তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী "অসদাচরণ" এবং (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর "ডিজারশন" এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করা হয়;

৬। যেহেতু, এ অধিদপ্তরের ১২/০৮/২০২০ইং তারিখের ১০৩ সংখ্যক স্মারকে ব্যক্তিগত শুনানিতে উপস্থিত থাকার জন্য আপনাকে পত্র প্রেরণ করা হয়;

৭। যেহেতু, ব্যক্তিগত শুনানিতে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ আপনি স্বীকার করেন;

৮। যেহেতু, আপনার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত মৌখিক বক্তব্য সন্তোষজনক না হওয়ায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) অনুযায়ী তদন্ত বোর্ড গঠন করা হয়;

৯। যেহেতু, তদন্ত বোর্ড কর্তৃক ১৭/১২/২০২০ইং তারিখের দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে ২২১ (দুইশত একুশ) দিন কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করা হয়;

১০। এক্ষণে, সেহেতু আপনাকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি অনুযায়ী অভিযুক্ত করে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কলেজ অব নার্সিং মহাখালী, ঢাকা হতে ছাড়পত্র পাওয়ার তারিখ হতে অর্থাৎ ২২/১২/২০১৯ইং তারিখ হতে আপনাকে বরখাস্ত (Dismissal) করার প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হলো। কেন আপনার বিরুদ্ধে প্রস্তাবিত দন্ড আরোপ করা হবেনা, তার লিখিত জবাব নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। এবং একই সাথে বর্ণিত বিধিমালার ৭(৮) বিধি অনুযায়ী তদন্তবোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের কপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

মোঃ গোলাম মোস্তফা
গাড়ী চালক

স্বাঃ
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ই-মেইলঃ info@dgnm.gov.bd

বর্তমান ঠিকানা
মোঃ গোলাম মোস্তফা
পিতাঃ আব্দুল গণি
গাড়ী চালক
নার্সিং ইনস্টিটিউট, কক্সবাজার।

স্থায়ী ঠিকানা

মোঃ গোলাম মোস্তফা
পিতাঃ আব্দুল গণি
গ্রামঃ কেরানীপাড়া, পোঃ রংপুর সদর,
উপজেলাঃ কতোয়ালী, জেলাঃ রংপুর ।

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২১০.২০২০ ২২৮/১(২০)

তারিখ ১৫/১/১৪২৮ বঙ্গাব্দ
২৮/৪/২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় আবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্বাস্থ্য শিক্ষা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিভিল সার্জন, কক্সবাজার।
৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কক্সবাজার।
৫। সহকারী পরিচালক (নার্সিং), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৬। নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনস্টিটিউট, কক্সবাজার।
৭। জনাব মোঃ গোলাম মোস্তফা (পিতাঃ আব্দুল গণি), গাড়ী চালক, নার্সিং ইনস্টিটিউট, কক্সবাজার।
৮। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এ নোটিশটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৯। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
১০। অফিস কপি।

২৮/০৪/২০২১

মোহাম্মদ আবদুল হাই পিএএ
উপসচিব
পরিচালক (প্রশাসন, শিক্ষা ও শৃংখলা )
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী,
ঢাকা
ই-মেইলঃ info@ dgnm.gov.bd